এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ
ATAB
ASSOCIATION OF TRAVEL AGENTS OF BANGLADESH
Sattara Centre (15th Floor), 30/A,Nayapaltan, VIP Road, Dhaka-1000, Bangladesh.
Phone : 9332728, 8332712, Fax : 88-02-58315595, E-mail : atab@citech.net, Website : www.atab.org.bd

আটাব/সার্কুলার/২০২৫/৩৭৮ ২৬ জুন, ২০২৫ খ্রিঃ

**সকল সম্মানিত সদস্য, আটাব।**

**বিষয়ঃট্রাভেল এজেন্সি সংক্রান্ত কাজের জন্য নির্ধারিত ফি ব্যতীত মন্ত্রণালয়ের কোন ব্যক্তি অথবা দালাল চক্রের সাথে কোন প্রকার আর্থিক লেনদেন না করা প্রসঙ্গে**

**সূত্রঃ-** মন্ত্রণালয়ের স্মারক নং ৩০.০০.০০০০.০২৫.০৩.০০৩.২৪-৪০৩(১১) তারিখ: ২৬ জুন, ২০২৫।

**সম্মানিত সদস্য,**

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ।

সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ট্রাভেল এজেন্সি সংক্রান্ত সকল কার্যক্রম Online Travel Agency Management System (OTAMS) মাধ্যমে অনলাইনে (www.regtravelagency.gov.bd) সম্পাদিত হয়। সম্প্রতি ট্রাভেল এজেন্সি সংক্রান্ত এসব কাজের জন্য দালাল চক্র অবৈধভাবে অর্থের লেনদেন করছে মর্মে বেসামরিক বিমান পরিহন ও পর্যটন মন্ত্রণালয় বিভিন্ন অভিযোগ পেয়েছে। মন্ত্রণালয়ের সেবা গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে এ সকল দালাল চক্র হতে সতর্ক/সাবধান থাকার জন্য মন্ত্রণালয় কর্তৃক নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছে:

**"ট্রাভেল এজেন্সি সংক্রান্ত যে কোনো কাজ ও আর্থিক লেনদেনের ক্ষেত্রে দালাল বা প্রতারক চক্র থেকে সাবধান থাকার জন্য সকলকে বিশেষভাবে সতর্ক করা হলো। মন্ত্রণালয়ের কোন ব্যক্তির সাথে যোগাযোগ করা কিংবা কোন দালালের শরণাপন্ন হওয়ার প্রয়োজন নেই।ট্রাভেল এজেন্সি সংক্রান্ত কাজের জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি শুধুমাত্র ট্রেজারি চালানোর মাধ্যমে আদায় করা হয় বিধায় মন্ত্রণালয়ের কোন ব্যক্তি অথবা দালাল চক্রের সাথে কোন প্রকার আর্থিক লেনদেন করা সম্পূর্ণ নিষিদ্ধ"।**

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের নির্দেশনা মেতাবেক ট্রাভেল এজেন্সি সংক্রান্ত সংশ্লিষ্ট সেবা গ্রহণের ক্ষেত্রে দালাল চক্র হতে সতর্ক হওয়ার জন্য সম্মানিত সকল সদস্যদের অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

Afsia Jannat

আফসিয়া জান্নাত সালেহ
মহাসচিব

**সংযুক্তিঃ-**

১) মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিজ্ঞপ্তি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
পর্যটন-৩ শাখা
www.mocat.gov.bd

নম্বর-৩০.০০.০০০০.০২৫.০৩.০০৩.২৪- ৪০৬(১১)

তারিখ: ১২ আষাঢ় ১৪৩২ / ২৬ জুন ২০২৫

**বিজ্ঞপ্তি**

বিষয়: ট্রাভেল এজেন্সি সংক্রান্ত কাজের জন্য নির্ধারিত ফি ব্যতীত মন্ত্রণালয়ের কোন ব্যক্তি অথবা দালাল চক্রের সাথে কোন প্রকার আর্থিক লেনদেন না করা সম্পর্কিত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ট্রাভেল এজেন্সি সংক্রান্ত সকল কার্যক্রম Online Travel Agency Management System (OTAMS) এর মাধ্যমে অনলাইনে (www.regtravelagency.gov.bd) সম্পাদিত হয়। সম্প্রতি ট্রাভেল এজেন্সি সংক্রান্ত এসব কাজের জন্য দালাল চক্র অবৈধভাবে অর্থের লেনদেন করছে মর্মে বিভিন্ন অভিযোগ পাওয়া যাচ্ছে। জনসাধারণকে এ সকল দালাল চক্র হতে সতর্ক/সাবধান থাকার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

*"ট্রাভেল এজেন্সি সংক্রান্ত যে কোনো কাজ ও আর্থিক লেনদেনের ক্ষেত্রে দালাল বা প্রতারক চক্র থেকে সাবধান থাকার জন্য সকলকে বিশেষভাবে সতর্ক করা হলো। মন্ত্রণালয়ের কোন ব্যক্তির সাথে যোগাযোগ করা কিংবা কোন দালালের শরণাপন্ন হওয়ার প্রয়োজন নেই। ট্রাভেল এজেন্সি সংক্রান্ত কাজের জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি শুধুমাত্র ট্রেজারি চালানোর মাধ্যমে আদায় করা হয় বিধায় মন্ত্রণালয়ের কোন ব্যক্তি অথবা দালাল চক্রের সাথে কোন প্রকার আর্থিক লেনদেন করা সম্পূর্ণ নিষিদ্ধ"।*

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে বিজ্ঞপ্তিটি জনস্বার্থে জারি করা হলো।

২৬.০৬.২০২৫

(মির্জা মুরাদ হাসান বেগ)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৮৩৯
ইমেইল: dstourism3@mocat.gov.bd

বিতরণ: (জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সিনিয়র সচিব/ সচিব (সকল)..............................................................;
৩। বিভাগীয় কমিশনার (সকল)..............................................................;
৪। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)........................................ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ);
৫। সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬। প্রোগ্রামার, আইসিটিসেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা (OTAMS সফটওয়্যার ও এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (পর্যটন) অনুবিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা;
৮। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (পর্যটন-২) অধিশাখা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা;
৯। সভাপতি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব), সাত্তারা সেন্টার (১৬ তলা), ৩০/এ, নয়াপল্টন, ঢাকা। (বিজ্ঞপ্তিটি সকল ট্রাভেল এজেন্সির মাঝে বহুল প্রচারের অনুরোধসহ);
১০। ট্রাভেল এজেন্সি (সকল)...........................................................................; এবং
১১। অফিস কপি।

E:\নথিপত্র (ট্রাভেল এজেন্সি) হালনাগাদ\ট্রাভেল এজেন্সির দুর্নীতি প্রতিরোধ\বিজ্ঞপ্তি.docx